

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, গাজীপুর
জুডিসিয়াল মুন্সিখানা শাখা
www.gazipur.gov.bd

নম্বর: ০৫.৪১.৩৩০০.০১৪.০৭.০০৩.২১. ৫১০

তারিখ: ৩৫ আশ্বিন ১৪৩১
৩০ সেপ্টেম্বর ২০২৪

বিষয়: ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শহীদদের তালিকা চূড়ান্ত করার লক্ষ্যে প্রিন্ট/ইলেকট্রনিক মিডিয়ায় গণবিজ্ঞপ্তি বহল প্রচার সংক্রান্ত।

সূত্র: স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, সরকারি স্বাস্থ্য ব্যবস্থাপনা বিভাগ-১ শাখার ২৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রি. তারিখের ৪৫.০০.০০০০.১৬০.৯৯.০০৮.২৪.২৮৭ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শহীদদের একটি তালিকা বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতাল ও জেলা পর্যায় হতে সংগ্রহ করে স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইট: www.hsd.gov.bd এবং স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট: www.dghs.gov.bd-এ প্রকাশ করা হয়েছে। এ বিষয়ে একটি গণবিজ্ঞপ্তি প্রণয়ন করা হয়েছে। গণবিজ্ঞপ্তিতে বর্ণিত বিষয়াদি সর্বসাধারণের অবগতি এবং প্রকাশিত তালিকার বিষয়ে অংশীজনদের মতামত, পরামর্শ ও অন্তর্ভুক্তিযোগ্য নতুন কোন তথ্য-উপাত্ত থাকলে তা জানানোর জন্য গণবিজ্ঞপ্তি জরুরি ভিত্তিতে প্রিন্ট/ইলেকট্রনিক মিডিয়ায় বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: ০২ (৫ক) ফর্দ।

৩০/৯/২০২৪

মোঃ ইবনুল আবেদীন
সিনিয়র সহকারী কমিশনার
জুডিসিয়াল মুন্সিখানা
E-mail: acjmgazipur@gmail.com

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। উপজেলা নির্বাহী অফিসার, গাজীপুর সদর/কালীগঞ্জ/
কাপাসিয়া/শ্রীপুর/কালিয়াকৈর, গাজীপুর
- ২। জেলা তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, গাজীপুর

নম্বর: ০৫.৪১.৩৩০০.০১৪.০৭.০০৩.২১.

তারিখ: আশ্বিন ১৪৩১
সেপ্টেম্বর ২০২৪

অনুলিপি: সদয় অবগতির জন্য-

- ০১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
- ০২। সহকারী কমিশনার (গোপনীয়), গাজীপুর (বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, গাজীপুর মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ০৩। অফিস কপি

//
সিনিয়র সহকারী কমিশনার
জুডিসিয়াল মুন্সিখানা


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

গণবিজ্ঞপ্তি

জুলাই-আগস্ট ২০২৪ -এ সংঘটিত বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনে বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতাল ও জেলা পর্যায় হতে সংগৃহীত ছাত্র-জনতার অভ্যুত্থানে শহীদদের নামের খসড়া তালিকা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইট: www.hsd.gov.bd-এ এবং স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েবসাইট: www.dghs.gov.bd-এ প্রকাশ করা হয়েছে। তথ্য সংশোধন/সংযোজন করার জন্য ওয়েবসাইটে প্রকাশিত তালিকাটি ২৩ সেপ্টেম্বর, ২০২৪ তারিখ হতে ০৬ অক্টোবর, ২০২৪ তারিখ পর্যন্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে। তালিকায় প্রকাশিত নাম, ঠিকানা ও অন্যান্য প্রাসঙ্গিক তথ্যাদি যাচাই/সংশোধন/পূর্ণাঙ্গ করতে শহীদ পরিবারের সদস্য/ওয়ারিশ/প্রতিনিধিগণকে অনুরোধ করা হ'ল। প্রকাশিত তালিকার বিষয়ে কারো কোন মতামত, পরামর্শ এবং নতুন কোনো তথ্য-উপাত্ত সংযোজন করার মতো থেকে থাকলে তা সেবা গ্রহণকৃত সংশ্লিষ্ট হাসপাতাল অথবা নিকটস্থ সরকারি হাসপাতালে জানানোর জন্য অনুরোধ করা হ'ল। প্রকাশিত তালিকার তথ্য সংশোধনের জন্য নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করতে হবে:

- (ক) শহীদ পরিবারের সদস্য/ওয়ারিশ/প্রতিনিধিগণকে জাতীয় পরিচয়পত্র (এনআইডি)/জন্মনিবন্ধন ও মোবাইল নম্বর দিয়ে রেজিস্ট্রেশন করতে হবে।
- (খ) রেজিস্ট্রেশনের পর শহীদ ব্যক্তির তথ্য ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।
- (গ) প্রিন্ট করা কাগজের যে ঘরগুলোতে তথ্য নেই, সেগুলো পূরণ করতে হবে।
- (ঘ) পূরণকৃত তথ্য নিয়ে সেবা গ্রহণকৃত সংশ্লিষ্ট হাসপাতাল অথবা নিকটস্থ সরকারি হাসপাতালে গেলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান তথ্য সংশোধনে সহায়তা করবে।
- (ঙ) প্রতিষ্ঠানের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি শহীদ পরিবারের সদস্য/ওয়ারিশ/প্রতিনিধি কর্তৃক পূরণকৃত ফরমটি জমা নিয়ে অনলাইনে তথ্যগুলো হালনাগাদ করবেন।
- (চ) দাখিলকৃত তথ্য যথাযথভাবে সন্নিবেশিত বা সংশোধিত হল কিনা তা ওয়েবসাইটে প্রবেশ করে পুনরায় যাচাই করা যাবে।

সাম্প্রতিক বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের শহীদদের মধ্যে যদি কারো নাম এই তালিকায় অন্তর্ভুক্ত না হয়ে থাকে তাহলে শহীদ পরিবারের সদস্য/ওয়ারিশ/প্রতিনিধিগণকে উপযুক্ত প্রমাণকসহ সংশ্লিষ্ট জেলা প্রশাসক/সিভিল সার্জন/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সাথে যোগাযোগ করতে অনুরোধ করা হ'ল।



২৬/০৯/২০২৪

(উম্মে হাবিবা)
উপসচিব

ই-মেইল: ghml@hsd.gov.bd